রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, ফেব্রুয়ারি ২০, ২০২৬**

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**জলবায়ু পরিবর্তন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ মাঘ, ১৪৩২/০৮ ফেব্রুয়ারি ২০২৬

নং **২২.০০.০০০০.০৮৬.২২.০০১.২৩ (অংশ-১).৪৯**—বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৬৩তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) এর স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত সংশোধিত গাইডলাইন-২০২৫ অনুমোদন করা হয়। সে মোতাবেক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ এর স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন-২০২৫ গেজেটে প্রকাশ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনকৃত এ আদেশ ১৭-০৬-২০২৫ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাজীব সিদ্দিকী**
উপসচিব।


**মূল্য ঃ** টাকা ৮.০০

**জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) এর স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন**

১.০ ভূমিকা:

জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা ২০০৯ (বিসিসিএসএপি, ২০০৯) প্রণয়ন করা হয়। জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা-২০০৯ এ বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের জন্য সরকারের রাজস্ব বাজেট হতে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) গঠন করা হয়। ট্রাস্ট ফান্ডটি পরিচালনার জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন-২০১০ প্রণয়ন কর হয়। উক্ত ফান্ডের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় স্থানীয় জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং জলবায়ু সহিষ্ণু প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ। ট্রাস্ট আইনের বিধান অনুযায়ী জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ৬৬% প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নের জন্য এবং ন্যূনতম ৩৪% স্থায়ী আমানত হিসাবে জমা রাখার বাধ্যবাধকতা রয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল হতে প্রাপ্ত সুদ দ্বারা প্রকল্প গ্রহণেরও বিধান রয়েছে। ট্রাস্ট আইন মোতাবেক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের বরাদ্দকৃত অর্থের ৩৪% এবং প্রাপ্ত সুদ সরকারি ও বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে রাখা হয়। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অংশ হিসেবে স্থায়ী আমানত (Fixed Deposit) এর সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য একটি স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। সে উদ্দেশ্যে সিসিটিএফ-এর স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন প্রণয়ন করা হলো :

২.০ উদ্দেশ্য :

২.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানত সুষ্ঠু ও যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে ট্রাস্ট ফান্ডের টেকসই কার্যক্রম নিশ্চিতকরণ;

২.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থ স্থায়ী আমানত হিসেবে বিভিন্ন তফশিলি ব্যাংককে বা সরকারি ট্রেজারী বিলে জমার ক্ষেত্রে বিনিয়োগের ঝুঁকি সর্বনিম্ন পর্যায়ে রাখার মাধ্যমে বিনিয়োগের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণ;

২.৩ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে বিভিন্ন প্রকল্প/কর্মসূচিতে অব্যাহত অর্থায়ন সচল রাখতে বিনিয়োগের নিরাপত্তা নিশ্চিত করে তহবিলের মুনাফা সর্বোচ্চায়ন;

২.৪ স্থায়ী আমানত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আমানতযোগ্য অর্থ সর্বোচ্চ নিরাপত্তায় স্থায়ী আমানত (FDR) হিসাবে বিনিয়োগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

৩.০ স্থায়ী আমানত ব্যবস্থাপনা :

৩.১ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানত সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নবর্ণিত স্থায়ী আমানত ব্যবস্থাপনা কমিটি থাকবে :

| | | |
|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সভাপতি |
| ২. | অর্থ বিভাগ হতে একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৫. | ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক হতে একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৬. | পরিচালক (পরিঃ, উন্নঃ ও নেগোঃ) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৭. | পরিচালক (পরিঃ ও মূল্যাঃ) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৮. | নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ৯. | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য |
| ১০. | সচিব, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | সদস্য সচিব |

কর্মপরিধি :

১. স্থায়ী আমানতসমূহের মেয়াদপূর্তির প্রেক্ষিতে পুনঃ আমানতযোগ্য অর্থের পরিমাণ নির্ধারণ;

২. স্থায়ী আমানত নিরাপদ ও ঝুঁকিমুক্ত বিনিয়োগের জন্য সরকারি ট্রেজারি বিল/বন্ড, সঞ্চয়পত্র বা এ জাতীয় অন্য কোনো নিরাপদ লাভজনক ফিনান্সিয়াল ইন্সট্রুমেন্টে বিনিয়োগের সুপারিশ প্রদান;

৩. ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানত রাখার বিষয়ে প্রস্তাব/দরপত্র আহ্বান এবং মূল্যায়ন করা;

৪. প্রস্তাবিত মুনাফা/লভ্যাংশের হারের এবং প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের তুলনামূলকভাবে বিবরণী প্রস্তুত করা;

৫. সিসিটিএফ এর স্থায়ী আমানতের জন্য ব্যাংক নির্বাচন এবং ব্যাংক ওয়ারী বিনিয়োগযোগ্য অর্থের সুপারিশ প্রদান;

৬. ট্রাস্টি বোর্ড কর্তৃক আমানত সংক্রান্ত বিষয়ে অন্য কোনো দায়িত্ব সম্পাদন;

৩.২ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানত নিরাপদ ও ঝুঁকিমুক্ত বিনিয়োগের জন্য ব্যাংকের পাশাপাশি সরকারি ট্রেজারি বিল/বন্ড, সরকারি সিকিউরিটিজ বা এ জাতীয় অন্য কোনো নিরাপদ লাভজনক ফিন্যান্সিয়াল ইন্সট্রুমেন্টে বিনিয়োগের বিষয়ে কমিটি সুপারিশ করতে পারবে।

৩.৩ ৩.১ অনুচ্ছেদ অনুযায়ী স্থায়ী আমানত ব্যবস্থাপনা কমিটির প্রাপ্ত সুপারিশ বিবেচনার জন্য ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডে প্রেরণ করবেন।

৩.৪ ব্যবস্থাপনা পরিচালকের উপরিউক্ত সুপারিশের প্রেক্ষিতে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড স্থায়ী আমানত রাখার বিষয়টি অনুমোদন করবেন বা সংশোধনের জন্য প্রয়োজনীয় লিখিত নির্দেশনা দিবেন।

৩.৫ স্থায়ী আমানত রাখার লক্ষ্যে ব্যাংক/সরকারি ট্রেজারি বিল নির্ধারণের ক্ষেত্রে জনস্বার্থ বিবেচনান্তে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড এর সিদ্ধান্তই চূড়ান্ত।

৩.৬ স্থায়ী আমানত নগদায়ন করতে কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড উক্ত জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৭ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানত প্রাপ্তির জন্য ব্যাংকসমূহকে এ গাইডলাইনের শর্তাবলি পূরণ সাপেক্ষে সংযুক্ত আবেদন ফরম-ক মোতাবেক আবেদন দাখিল করতে হবে।

৪.০ স্থায়ী আমানতের জন্য ব্যাংক নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ:

৪.১ বাংলাদেশ ব্যাংকের তপসিলভুক্ত ব্যাংক হতে হবে।

৪.২ ন্যূনতম ৩ (তিন) বছর নির্ভরযোগ্য ও সন্তোষজনকভাবে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রয়েছে এমন ব্যাংকে বিনিয়োগের বিষয় বিবেচনা করা; বাংলাদেশ ব্যাংক প্রণীত Sustainability Rating এ সর্বশেষ ০৩ (তিন) বছর ধারাবাহিকভাবে Top Banks হিসাবে উল্লেখ থাকতে হবে।

৪.৩ সরকারি এবং বেসরকারি ব্যাংকে অর্থ আমানত রাখার ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে।

৪.৪ একটি প্রস্তাবের আওতায় সরকারি ব্যাংকের একটি শাখায় ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা এবং বেসরকারি ব্যাংকের একটি শাখায় ১০.০০ (দশ) কোটি টাকার বেশি স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ করা যাবে না এবং কোনো একটি একক বেসরকারি ব্যাংকে মোট বিনিয়োগ এর ২০% এর অধিক বিনিয়োগ করা যাবে না।

৪.৫ স্থায়ী আমানতের ক্ষেত্রে বিভিন্ন মেয়াদে বিনিয়োগ করা যাবে। তবে তা ১ (এক) বছরের বেশি হবে না।

৪.৬ সরকারি এবং বেসরকারি ব্যাংকে অর্থ আমানত রাখার ক্ষেত্রে ব্যাংকের Capital Adequacy Ratio (CAR), Non-Performing Loan (NPL) Ratio এবং Advanced Diposit (AD) Ratio বিবেচনায় আনতে হবে।

৪.৭ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের স্থায়ী আমানত এর জন্য আবেদনকৃত বেসরকারি ব্যাংকসমূহের Capital Adequacy Ratio (CAR), Non-Performing Loan (NPL) Ratio এবং Advanced Diposit (AD) Ratio এর বিপরীতে মোট ৫০ নম্বর প্রদান করতে হবে। উক্ত নম্বর নিম্নোক্তহারে বন্টন করা যেতে পারে।

| Capital Adequacy Ratio (CAR) | নম্বর | AD Ratio | নম্বর | NPL | নম্বর |
|---|---|---|---|---|---|
| 15.50 & Above | 20 | ≤ 83 | 15 | 0-5 | 15 |
| 12.50-15.49 | 15 | 84-87 | 13 | 6-10 | 13 |
| 10.00-12.49 | 10 | 88-91 | 11 | 11-15 | 11 |
| 8.00-9.99 | 5 | > 91 | 7 | 16-19 | 09 |
| 7.99 & Below | 0 | - | - | > 20 | 0 |

৪.৮ উপানুচ্ছেদ ৪.৭ এর ছকে প্রদত্ত নম্বরের বিপরীতে যেসব বেসরকারি ব্যাংক ন্যূনতম ৭০% নম্বর অর্জন করবে সেসব ব্যাংক স্থায়ী আমানত রাখার জন্য যোগ্য বিবেচিত হবে। তবে কোনো ব্যাংকের NPL ১০ এর অধিক হলে আমানত রাখার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবে।

৪.৯ উপানুচ্ছেদ ৪.৮ অনুযায়ী যেসব গুণগত মানসম্পন্ন বেসরকারি ব্যাংক স্থায়ী আমানত রাখার জন্য যোগ্য বিবেচিত হবে সেসব ব্যাংকের মধ্যে সুদের হার বেশি প্রদান করেছে এমন ব্যাংক প্রাধান্য পাবে। সরকারি মালিকানাধীন ব্যাংকের ক্ষেত্রে অন্যান্য বিষয় অপরিবর্তীত থাকলে সুদের হার বেশি প্রদান করেছে এমন ব্যাংক প্রাধান্য পাবে।

৫.১ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন এ কোনো পরিবর্তন-পরিবর্ধন-পরিমার্জন প্রয়োজন হলে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ট্রাস্টি বোর্ডের পরামর্শ গ্রহণ করে স্থায়ী আমানত ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইনটি চূড়ান্ত করবেন। সংশোধিত গাইডলাইন এর বিষয়ে অর্থ বিভাগের মতামত বা নির্দেশনা গ্রহণ করতে হবে।

৫.২ এ নীতিমালায় বর্ণিত কমিটির সভায় উপস্থিত সদস্যগণ কারিগরি সাব-কমিটির ন্যায় নির্ধারিত হারে সন্মানী ভাতা প্রাপ্য হবেন।

৬.০ এ আদেশ **১৭-০৬-২০২৫** খ্রি. তারিখ হতে ঘটনা উত্তরভাবে কার্যকর হবে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd